গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.০১৪.০৯.০০.১৭.২০১৫-৪৫৮ তারিখঃ ১৪-১২-২০১৫

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের নভেম্বর, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ০৬-১২-২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের নভেম্বর, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ২৩-১২-২০১৫ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযোজনীঃ বর্ণনামতে।

১৪/১২/২০১৫
(মোহাম্মদ আসাদুজ্জামান সরকার)
সিনিয়র সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৪। সচিব, আইএমইডি (শিল্প ও শক্তি) শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। বিভাগ প্রধান (কার্যক্রম) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৭। বিভাগ প্রধান (শক্তি) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৯। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
১০। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১১। উপ-সচিব (প্রশাসন),বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২১। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের নভেম্বর, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ বিভাগের সচিব এর সভাপতিত্বে ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের নভেম্বর, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ০৬-১২-২০১৫ তারিখে বিদ্যুৎ ভবনস্থ বিজয় হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০ আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, ২০১৫-১৬ অর্থ বছরের এডিপি-তে বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার আওতাভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে মোট ১৬,৪৮৫.১৭ কোটি টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে জিওবি ৭৩০০.০০ কোটি এবং প্রকল্প-সাহায্য ৯১৮৫.১৭ কোটি টাকা। প্রকল্পসমূহের বিপরীতে নভেম্বর, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৩১৩২.৫৭ কোটি টাকা যা মোট বরাদ্দের ১৯.৪৩%। প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ১৭১৮.১৮ কোটি টাকা (১৯.১৪%) এবং জিওবি অর্থ ব্যয় হয়েছে ১৪১৪.৩৮ কোটি টাকা (১৯.৭৯%)। ভৌত অগ্রগতি হয়েছে ৩৪.২৭%। গত বছরের একই সময়ে এডিপি বাস্তবায়নের আর্থিক ও ভৌত অগ্রগতি ছিল যথাক্রমে ২০.৯০% ও ৩৪.০৮%।

২.২ সভায় জানানো হয় যে, এডিপিভুক্ত মোট ৭০টি প্রকল্পের মধ্যে ২৩টি প্রকল্পের আর্থিক অগ্রগতি শূন্য তন্মধ্যে ৪টি প্রকল্পের অনুকূলে এখনো কোনো অর্থ বরাদ্দ দেয়া হয়নি, ২৬টি প্রকল্পের অগ্রগতি ২০% এর নিচে এবং ২১টি প্রকল্পের অগ্রগতি ২০% এর বেশি।

২.৪ সভাপতি প্রকল্প বাস্তবায়নের সার্বিক অগ্রগতি কম হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং যেসব প্রকল্পের অগ্রগতি তুলনামূলকভাবে কম সেসব প্রকল্পের প্রকল্প পরিচালকদের নিয়ে পাক্ষিকভিত্তিতে নিয়মিত সভা করার জন্য তিনি সংস্থা প্রধানদের-কে পরামর্শ প্রদান করেন। এছাড়া সভাপতি প্রতিটি প্রকল্পের জন্য প্রতি ৩মাসে ন্যুনতম একবার স্টিয়ারিং কমিটির সভা এবং প্রতিমাসে একবার পিআইসি সভা করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	প্রকল্প সমাপ্ত না হওয়া পর্যন্ত কোনো প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তন/বদলী করা যাবেনা।	সকল সংস্থা
৩.২	প্রতিটি প্রকল্পের জন্য প্রতি ৩মাসে ন্যুনতম একবার স্টিয়ারিং কমিটির সভা এবং প্রতিমাসে একবার পিআইসি সভা করতে হবে।	সকল সংস্থা ও প্রকল্প পরিচালক

চলমান পাতা # ২

৩.৩	"১০-শহর বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন" প্রকল্পটির বাস্তবায়ন কাজ আগামী জুন ২০১৬ এর মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে এবং কোনক্রমেই প্রকল্পের মেয়াদ আর বৃদ্ধি করা হবেনা।	বাবিউবো এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৩.৪	শহরাঞ্চলে বিশেষকরে ডিপিডিসি ও ডেসকো এলাকায় এআইএস এর পরিবর্তে জিআইএস সিস্টেমের বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ করতে হবে।	বাবিউবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও পিজিসিবি
৩.৫	সোলার/ছোট প্রকল্পে প্রশিক্ষণ ও আনুষঙ্গিক ব্যয় অন্তর্ভুক্ত করা যাবে না।	সকল সংস্থা
৩.৬	চায়না কন্সেশনাল লোনের আওতায় বাস্তবায়নের জন্য যেসব প্রকল্পের বাণিজ্যিক চুক্তি নেগশিয়েশন কার্যক্রম প্রক্রিয়াধীণ রয়েছে সেগুলো দ্রুত সম্পন্ন করে পূর্ণাঙ্গ প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।	ডিপিডিসি, পিজিসিবি এবং বাপবিবো
৩.৭	Asian Infrastructure Investment Bank (AIIB) এর আর্থিক সহায়তায় বাস্তবায়নের জন্য ১০০ মিলিয়ন ইউএস ডলার এর সমপরিমাণ প্রাক্কলিত ব্যয় সম্বলিত প্রকল্প প্রস্তাব/পিডিপিপি ১০-১২-২০১৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।	সকল সংস্থা
৩.৮	"ইন্সটলেশন অব ৫ মেঃওঃ সোলার ফটোভোলটিক গ্রীড কানেকটেড পাওয়ার প্ল্যান্ট ইন কাপ্তাই" প্রকল্পটি বাবিউবো অধিকতর পর্যালোচনার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।	বাবিউবো

৪.০ অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করা হয়।

২০/১২/১৫

(মনোয়ার ইসলাম)
সচিব